তারিখ ... ১৬ ... ৭
পৃষ্ঠা ... কলাম ...

SEP. 17 2002

# ছাত্রদলের নেতৃবৃন্দ সাংগঠনিক সফরে বেরুচ্ছেন আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

সংগঠনকে তৃণমূল পর্যায়ে শক্তিশালী করতে ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দ আজ সারাদেশে সাংগঠনিক সফরে বের হচ্ছেন। ৬টি টিমে বিভক্ত হয়ে তারা এ সফরে যাচ্ছেন। টিমগুলো জেলা

**ছাত্রদল** : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

## ছাত্রদল : সফরে

(শেষ পৃষ্ঠার পর)

ও থানা পর্যায়ের সংগঠনগুলোর খোঁজ-খবর নেবেন। সফর শেষে টিমগুলো সাংগঠনিক কর্মকাণ্ড, স্থানীয় নেতৃবৃন্দের কর্ম তৎপরতা, সংগঠনের ভাবমূর্তি বিনষ্টের কাজে কোন কোন নেতা জড়িত ইত্যাদি বিষয় অনুসন্ধান ও পর্যবেক্ষণ করে মূল্যায়ন রিপোর্ট তৈরি এবং তা বিএনপি কেন্দ্রীয় পর্যায়ে প্রদান করবেন। সংগঠনের আহ্বায়ক সাহাবুদ্দিন লাল্টুর নেতৃত্বাধীন টিম ঢাকা বিভাগ সফর করবে। এ টিমের অন্য সদস্যরা হলেন- সেলিমুজ্জামান সেলিম, শহিদুল ইসলাম বাবুল, এসএম জিলানী এবং সাবেক ছাত্রনেতা শহিদউদ্দিন চৌধুরী এ্যানী এমপি ও আবুল খায়ের ভূঁইয়া এমপি।

খুলনা বিভাগে এবিএম মোশাররফের নেতৃত্বে রয়েছেন জয়ন্ত কুমার কুণ্ডু, সাইফুল ইসলাম ফিরোজ, আসাদুজ্জামান মুরাদ এবং সাবেক ছাত্রনেতা রিজভী আহমেদ। চট্টগ্রাম বিভাগে মনির হোসেনের নেতৃত্বে যাবেন রেহানা আক্তার রানু, হারুনুর রশিদ হারুন, মোক্তার হোসেন এবং সাবেক নেতা ইলিয়াস আলী।

রাজশাহী বিভাগে আজিজুল বারী হেলালের নেতৃত্বে ফরহাদ হোসেন আজাদ, আবদুল কাদের জুয়েল, মিজানুর রহমান খোকন এবং সাবেক ডাকসু জিএস খায়রুল কবির খোকন সফরে যাবেন। আবদুল বারী ড্যানির নেতৃত্বে সিলেট বিভাগে যাবেন শামসুজ্জামান মেহেদী, শাম্মী আক্তার ও সাবেক নেতা হাবিব-উন নবী সোহেল।

বরিশাল বিভাগে সুলতান সালাউদ্দিন টুকুর নেতৃত্বে কাজী রওনাকুল ইসলাম টিপু, নুরুল ইসলাম নয়ন, হায়দার আলী লেলিন ও হাসান মামুন যাবেন। ২৭ সেপ্টেম্বর পর্যন্ত এ সফর চলবে।